

বিডি-সিএসও কো-অর্ডিনেশনস প্রসেস স্টিয়ারিং কমিটির ২য় সভার প্রতিবেদন।

স্থান: কোস্ট ট্রাস্ট, কেন্দ্রীয় কার্যালয়, সময় -সকাল ১০ টা থেকে ১ টা পর্যন্ত, তারিখ ২ নভেম্বর ২০১৯।

বিডিস -সিএসও প্রসেস এর প্রধান সমন্বয়কারী এবং কোস্ট ট্রাস্টের নির্বাহী পরিচালক জনাব রেজাউল করিম চৌধুরী সাহেবের সভাপতিত্বে সভা শুরু হয় এবং অনুষ্ঠান পরিচালনা করেন বিবিডি-সিএসও প্রসেসের সচিবালয় সহযোগী জনাব মোস্তফা কামাল আকন্দ।

আলোচ্য বিষয় সমূহ :-

- ১। বিডি সিএসও প্রসেস জাতীয় ও আর্ন্তজাতিক প্রেক্ষাপট
- ২। প্রশিক্ষণ (আইসিটি , ইংলিশ ল্যাণ্ডয়েজ ও কোস্ট ট্রাস্টের সাথে আভ্যন্তরীণ
- ৩। কর্মকান্ড সমূহের লিখিত প্রতিবেদন
- ৪। মানবাধিকার দিবস পালন
- ৫। জেলা সম্মেলন
- ৬। বিবিধ

সিদ্ধান্ত সমূহ :-

- ১। বিডি -সিএসও প্রসেস শুরু থেকেই জাতীয় ও আর্ন্তজাতিক পরিমন্ডলে ব্যাপকভাবে বাধার সম্মুখীন হয় , দেশে আইএনজির দেশীয় প্রতিনিধিগণ প্রবল ভাবে বাধার সৃষ্টি করেন -তা স্বত্ত্বেও আপনাদের একান্ত আগ্রহের কারনে গত ৬ জুলাই ২০১৯ একটি সফল সম্মেলন অনুষ্ঠিত হয়। লোকালাইজেশন নিয়ে গত ২৪ ও ২৫ অক্টোবর ব্রাসেলসে যে পর্যালোচনা হয়েছে সেখানে ২য় সারির ব্যবস্থাপনার লোক ছিল খুব একটা ফলপ্রসূ আলোচনা হয় নাই। সময়ের চাহিদা এবং নিজেদের সুসংগঠিত করার জন্য এই কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
- ২। তথ্য প্রযুক্তির উপর দুইদিনের প্রশিক্ষণ। ভিডিও তৈরি এবং সম্পাদনা ও ফেসবুক, ইমেইল নিরাপত্তা এই প্রশিক্ষণের অংশ থাকবে। ইংরেজি প্রশিক্ষণ দুইদিনের ,প্রকল্প প্রস্তাবনার উপর পরবর্তীতে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণের ভেদে হবে ঢাকা, কোস্ট মিলনায়তন। নির্বাহী পরিচালকদের অংশগ্রহণ কাঙ্ক্ষিত, সম্ভব না হলে প্রতিনিধি এসব প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন। আপাতত প্রশিক্ষণগুলোতে স্টিয়ারিং কমিটির সদস্য সংস্থাগুলো অংশগ্রহণ করতে পারবেন। তবে উল্লেখ্য যে , প্রশিক্ষণার্থীর আসা -যাওয়ার খরচ অবশ্যই নিজ সংগঠনকে বহন করতে হবে।
- ৩। আগামী ১০ ডিসেম্বর বিশ্ব মানবাধিকার দিবস পালন করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। সংশ্লিষ্ট জেলার স্কুল গুলিতে কাল্প ডায়াসের মাধ্যমে বিশ্ব মানবাধিকার সম্পর্কে ধারণা দিতে হবে এবং চর্চা করার কৌশল বের করতে হবে। সচিবালয় থেকে প্রিন্ট করা “ সব মানুষের সম-অধিকার সার্বজনীন মানবাধিকার ” ৫০ কপি বই প্রেরন করা হবে সংশ্লিষ্ট জেলাগুলিতে।
- ৪। এই পর্যন্ত ১১ টি জেলা সম্মেলন অনুষ্ঠিত হয়েছে বাকী ১৩ টি জেলায় পর্যায়ক্রমে আগামী মার্চ ২০২০ সালের মধ্যে ঢাকা বিভাগ- নরসিংদি ,মুন্সিগঞ্জ/মানিকগঞ্জ, বরিশাল বিভাগ-পটুয়াখালী ,খুলনা বিভাগ-মাগুরা ,যশোর ,চট্টগ্রাম বিভাগ-ব্রাহ্মণবাড়িয়া,রাঙ্গামাটি/কক্সবাজার , সিলেট বিভাগ-হবিগঞ্জ,সুনামগঞ্জ, রংপুর বিভাগ-গাইবান্ধা অনুষ্ঠিত হবে।

উপরিউল্লিখিত সিদ্ধান্ত সমূহ ছাড়াও নিম্ন লিখিত বিষয়ে আলোচনা হয়

লক্ষ্য

সার্বভৌম স্থায়িত্বশীল এবং জবাবদিহিতা সম্পন্ন স্থানীয় সিএসও/এনজিও সেক্টর গড়ে তোলা যা সরকার ও বাজারের বেসরকারি খাতের পাশাপাশি সম অংশীদারিত্বের ভিত্তিতে মানবিকতা ও উন্নয়নের জন্য কাজ করবে।

উদ্দেশ্যসমূহ:

১. সর্বসম্মত ন্যূনতম অবস্থান নেওয়ার জন্য এই খাতের প্রধান শক্তিগুলোকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে উৎসাহিত করে জনমত তৈরি করা।
২. সকল পর্যায়ে সিএসও/এনজিওদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ ও সহযোগিতার ক্ষেত্র তৈরি করা।

৩. অংশীদারিত্বের নীতিমালা, গ্রান্ড বারগেন, চাটার ফর চেঞ্জ ইত্যাদি আন্তর্জাতিক প্রতিশ্রুতির আলোকে সরকার, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে আলোচনা রাখা এবং এ বিষয়ে প্রগতিশীল ভূমিকা পালনে উদ্বুদ্ধ করা।
৪. সরকারের সঙ্গে সকল পর্যায়ে ইতিবাচক সম্পৃক্ততা প্রতিষ্ঠা করা।

আমাদের মূল্যবোধসমূহ

১. পারস্পরিক জবাবদিহিতা ও মর্যাদা
২. ইতিবাচক সম্পৃক্ততা
৩. আলোচনা, কিন্তু পারস্পরিক অভিযোগ নয়
৪. অন্তর্ভুক্তিমূলক পরিপূরকতার নীতি
৫. গণতান্ত্রিক কেন্দ্রিকতা
৬. মানবাধিকার ও ন্যায্যবিচারে প্রতিশ্রুতিবদ্ধ
৭. উন্মুক্ত ও বহুমুখী যোগাযোগ

জাতীয় সম্মেলন

- সম্মেলন হবে বাৎসরিক
- আগামী সেপ্টেম্বর/অক্টোবর একটি সম্মেলন অনুষ্ঠিত হবে

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি মহোদয় আগামী ২৫ জানুয়ারী ২০২০ তারিখে পরবর্তী সভার আহ্বান জানিয়ে এবং সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।
